দৈনিক সংবাদ

তারিখ ... 29 JUL 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫...

33

# কৃঃ বিঃ শিক্ষকদের কর্মবিরতি ৩০শে জুলাই

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) ২৮শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– উপাচার্যের বাসভবন ভাঙচুরের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামী ৩০শে জুলাই রোববার পূর্ণদিবস কর্মবিরতি ও মৌন মিছিলের কর্মসূচী ঘোষণা করেছে।

২৪শে জুলাইয়ের ঘটনার প্রতিবাদে গত বৃহস্পতিবার শিক্ষক সমিতির এক সাধারণ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সাধারণ সভায় ঘটনার নিন্দা জানানোর পাশাপাশি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে। সভাশেষে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানিয়েছেন, তবে ফাইনাল পরীক্ষাসমূহকে কর্মবিরতির আওতামুক্ত রাখা হয়েছে।

## গণতান্ত্রিক শিক্ষক ফোরামের নিন্দা

বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকদের সংগঠন শিক্ষক গণতান্ত্রিক শিক্ষক ফোরাম ২৪শে জুলাই রাতে কিছু সংখ্যক মিছিলকারী কর্তৃক উপাচার্যের বাসভবন ভাঙচুরের নিন্দা জানিয়েছে। সাংবাদিকদের নিকট দেয়া সংগঠনের সভাপতি ডঃ মুহাম্মদ হোসেন ও সাধারণ সম্পাদক ডঃ সাখাওয়াত হোসেন স্বাক্ষরিত এক বিবৃতিতে এ সমস্যা সৃষ্টির নেপথ্য কারণ সঠিকভাবে নির্ণয় করে বিশ্ববিদ্যালয়ের সর্বক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানানো হয়েছে।